



(<https://www.bongobani.com/district/a-free-oxygen-parlor-was-inaugurated-in-mathurapur-today/>)

Homepage (<https://www.bongobani.com/>) /
জেলা (<https://www.bongobani.com/category/district/>) /
আজ মথুরাপুরে বিনামূল্যের অক্সিজেন পার্লারের উদ্বোধন হল

জেলা (<https://www.bongobani.com/category/district/>)

রাজ্য (<https://www.bongobani.com/category/state/>)

আজ মথুরাপুরে বিনামূল্যের অক্সিজেন পার্লারের উদ্বোধন হল

 Bongobani Media House

(<https://www.bongobani.com/author/bongobani/>) © May 10, 2021

(<https://www.bongobani.com/2021/05/>)

বঙ্গবাণী ব্যুরো নিউজ : করোনা এখন সমস্ত মানুষের জীবনে খুব খারাপ পরিস্থিতি তৈরি করেছে। পাশাপাশি এক চরম সংকট ডেকে এনেছে। প্রতিদিনের আক্রান্তের সংখ্যা দেখে চিন্তার ভাঁজ পড়ছে সমস্ত মানুষের কপালে। একই সঙ্গে বাড়ছে মৃতের সংখ্যা। ছাড়

পাচ্ছে না শিশু থেকে শুরু করে গ্রাম বাংলার মানুষরাও। অন্যদিকে আক্রান্ত ব্যক্তিদের মধ্যে অনেকেরই আবার অক্সিজেনের অভাবও দেখা দিচ্ছে চূড়ান্ত ভাবে। সঠিক চিকিৎসা ব্যবস্থার অভাবও রয়েছে বিভিন্ন জায়গাতে। জার্মান কনসুলেট ও মুক্তির সহযোগিতা নিয়ে রায়দিঘি বিধানসভার কৃষ্ণচন্দ্রপুর গ্রাম পঞ্চায়েতের অধীন ডক্টর প্রভাত মেমোরিয়াল সোসাইটির মায়া ভবনে আজ থেকে অক্সিজেন পার্লার এবং বিনা মূল্যে প্রয়োজনীয় ঔষধ, অক্সিমিটার সহ চিকিৎসা পরিষেবা দেওয়ার প্রচেষ্টা নেওয়া হয়েছে।

রায়দিঘি বিধানসভার নবনির্বাচিত বিধায়ক ডা: অলক জলদাতা, মথুরাপুর ব্লক ১ এর মাননীয় সমষ্টি উন্নয়ন আধিকারিক, শ্রী তারাশঙ্কর প্রামাণিক মহাশয়, শ্রী চন্দন কুমার মাইতি, সম্পাদক, ড: প্রভাত মেমোরিয়াল সোসাইটি এবং প্রধান শিক্ষক, কৃষ্ণচন্দ্রপুর হাই স্কুল, বিশিষ্ট সমাজসেবী বাপি হালদার সহ সমাজের বিভিন্ন বিশিষ্ট ব্যক্তিবর্গ আজ সকাল ১১ টায় ঐ পার্লারের শুভ উদ্বোধনে উপস্থিত ছিলেন। বর্তমানে দুটি বেড, দুটি অক্সিজেন কনসেন্ট্রেট ব্যবস্থা রয়েছে। তবে ২৪ ঘণ্টা ঐ পরিষেবা পাবে সাধারণ মানুষ।

Tagged:

[#bongobani \(https://www.bongobani.com/tag/bongobani/\)](https://www.bongobani.com/tag/bongobani/)

[#bongobani_corona](https://www.bongobani.com/tag/bongobani_corona/)

[\(https://www.bongobani.com/tag/bongobani_corona/\)](https://www.bongobani.com/tag/bongobani_corona/)

[#bongobani_media](https://www.bongobani.com/tag/bongobani_media/)

[\(https://www.bongobani.com/tag/bongobani_media/\)](https://www.bongobani.com/tag/bongobani_media/)

[#bongobani_oxygen](https://www.bongobani.com/tag/bongobani_oxygen/)

[\(https://www.bongobani.com/tag/bongobani_oxygen/\)](https://www.bongobani.com/tag/bongobani_oxygen/)

[#bongobaninews](https://www.bongobani.com/tag/bongobaninews/)

[\(https://www.bongobani.com/tag/bongobaninews/\)](https://www.bongobani.com/tag/bongobaninews/)

[#burdwan \(https://www.bongobani.com/tag/burdwan-2/\)](https://www.bongobani.com/tag/burdwan-2/)

[#oxygen \(https://www.bongobani.com/tag/oxygen/\)](https://www.bongobani.com/tag/oxygen/)

LEAVE A RESPONSE

Your email address will not be published. Required fields are marked *

Comment